সংবাদ

তারিখ 0 6 DEC 2006
পৃষ্ঠা ১০ কলাম ৪



*বিটিভি'র স্কুল বিতর্ক প্রতিযোগিতার উদ্বোধনী অনুষ্ঠানে নটরডেম কলেজের প্রিন্সিপাল শিক্ষাবিদ ফাদার বেঞ্জামিন কস্তা সিএসসি ও প্রতিযোগিতার নির্দেশক হাসান আহমেদ চৌধুরী কিরণ-এর সাথে অংশগ্রহণকারী তার্কিকরা*

# বিটিভিতে দশম জাতীয় স্কুল বিতর্ক শুরু

'বর্তমান প্রজন্মের ভবিষ্যৎ আলোকিত' শীর্ষক বিষয়ে শহীদ বীরউত্তম লেফটেন্যান্ট আনোয়ার গার্লস স্কুল এবং রাজউক উত্তরা মডেল স্কুলের অংশগ্রহণের মধ্য দিয়ে বাংলাদেশ টেলিভিশনে দশম জাতীয় টেলিভিশন স্কুল বিতর্ক প্রতিযোগিতার উদ্বোধন করা হয়েছে।

গত রোববার টিভি অডিটোরিয়ামে শিক্ষাবিদ নটর ডেম কলেজের অধ্যক্ষ ফাদার বেঞ্জামিন কস্তা সিএসসি প্রতিযোগিতার উদ্বোধন করেন। ডিবেট ফর ডেমোক্রেসির চেয়ারম্যান হাসান আহমেদ চৌধুরী কিরণের পরিকল্পনা ও নির্দেশনায় বছরব্যাপী প্রতিযোগিতায়, দেশের শীর্ষ ৬৪টি শিক্ষা প্রতিষ্ঠান অংশগ্রহণ করবে। প্রতিযোগিতা অনুষ্ঠানটি বাংলাদেশ টেলিভিশনে সাপ্তাহিক ভিত্তিতে প্রতি সোমবার সন্ধ্যায় প্রচারিত হয়ে থাকে। উদ্বোধনী প্রতিযোগিতায় বিচারক ছিলেন মো. জহুরুল আলম, এসএম মোর্শেদ, নাসরীন বেগম, রুবাইয়াত [illegible]

প্রতিযোগিতার উদ্বোধনী বক্তব্যে ফাদার বেঞ্জামিন কস্তা সিএসসি বলেন, 'এ প্রতিযোগিতার মাধ্যমে তরুণদের মধ্যে যুক্তিবোধ জাগ্রত হবে এবং তারা আলোকিত ভবিষ্যৎ খুঁজে পাবে'। ডিবেট ফর ডেমোক্রেসির চেয়ারম্যান হাসান আহমেদ চৌধুরী কিরণ যুক্তিবাদী সমাজ বিনির্মাণে এ বিতর্ক প্রতিযোগিতার মাধ্যমে গণতন্ত্র শক্তিশালী হবে বলে উল্লেখ করেন। উদ্বোধনী প্রতিযোগিতায় শহীদ বীরউত্তম লেফটেন্যান্ট আনোয়ার গার্লস স্কুল বিজয়ী হওয়ার গৌরব অর্জন করে। বিজয়ী দলের তার্কিকরা ছিলেন তাবাসসুম বিনতে বকুল, তাশফিয়া তাশনিম তিশা ও মাশরুবা মরিয়ম ঐশী।

প্রতিযোগিতায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষা প্রতিষ্ঠানকে প্রযোজক, জাতীয় টেলিভিশন স্কুল বিতর্ক প্রতিযোগিতা, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা বরাবর আবেদন করার জন্য আহ্বান করা হয়েছে। সংবাদ [illegible]